



তথ্যবিবরণী

নম্বর-২১০

আগামীকাল কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে

রাজশাহী; ০৮ ফাল্গুন (২১ ফেব্রুয়ারি):

আগামীকাল শনিবার (২২ ফেব্রুয়ারি) রাজশাহী মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে রাজশাহী বিভাগে কর্মরত সরকারি কর্মচারী ও তাদের সন্তানদের অংশগ্রহণে ৩৬তম বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ অনুষ্ঠিত হবে। প্রধান অতিথি হিসেবে এ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করবেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

সংক্ষিপ্ত আলোচনার মধ্য দিয়ে সকাল সোয়া নয়টায় অনুষ্ঠানের কার্যক্রম শুরু হবে। পরে সম্মিলিত মার্চপাস্ট ও মশাল প্রজ্জ্বলন শেষে মূল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক এ.কে.এম আবদুল্লাহ খান অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

.....

তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১২:০০ ঘ.